গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
হবিগঞ্জ
www.food.habiganj.gov.bd / www.dgfood.gov.bd
E-mail- dcf.hbj@dgfood.gov.bd

## দরপত্র বিজ্ঞপ্তি (বিস্তারিত)

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হবিগঞ্জ এর অধীনে খাদ্যশস্য, খাদ্যদ্রব্য, ভোজ্য তেল, খালি বস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য দ্রব্য সামগ্রী সড়ক ও নৌ পথে জেলার অভ্যন্তরে এক এলএসডি হতে অন্য এলএসডিতে সড়ক ও নৌ পথে পরিবহণের জন্য ২০১৯-২০২১ মেয়াদের জন্য অভ্যন্তরীণ সড়ক ও নৌ পরিবহন ঠিকাদার নিয়োগের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে পেশ করা হলো।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/ বিভাগ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২. | সংগ্রাহক সত্তা | জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ |
| ৩. | দরপত্র আহবানকারী দপ্তর | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হবিগঞ্জ |
| ৪. | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | ১৩.০১.৩৬০০.০০৩.৪৯.০০১.১৮.২২০০, তারিখঃ ২৯/০৭/২০১৯খ্রিঃ। |
| ৫. | কাজের নাম | খাদ্য অধিদপ্তরের অধীন খাদ্যশস্য, খাদ্য দ্রব্য, ভোজ্য তৈল, খালি বস্তা, ত্রাণ সামগ্রী এবং অন্যান্য দ্রব্য সামগ্রী সড়ক ও নৌ পথে হবিগঞ্জ জেলার এক গুদাম/কেন্দ্র হতে অন্য গুদাম/কেন্দ্রে পরিবহণের জন্য অভ্যন্তরীণ সড়ক ও নৌ পরিবহণ ঠিকাদার নিয়োগ। |
| ৬. | কাজের পরিমাণ | সরকারের যখন যেমন প্রয়োজন |
| ৭. | কাজের সময়কাল | ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছর। |
| ৮. | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ৯. | দরপত্র তফসিলের মূল্য | ১,০০০.০০ (এক হাজার) টাকা প্রতি সেট। ট্রেজারী চালানের মাধ্যমে মূল্য জমা দিয়ে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। চালান জমা দেয়ার কোড নং- ১/৪৮৩১/০০০১/২৩৬৬। |
| ১০. | টেন্ডার সিকিউরিটি | ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা। ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) |
| ১১. | পারফরমেন্স সিকিউরিটি | প্রতিলটে অভ্যন্তরীণ সড়ক পরিবহনে ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা এবং অভ্যন্তরীন নৌ পরিবহনে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে। (চুক্তি সম্পাদনের পূর্বে জমা দিতে হবে।) |
| ১২. | পরিবহণতব্য পণ্যের নিরাপত্তা জামানত | পণ্যের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারীর বেলায় ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং অভ্যন্তরীন নৌ পরিবহন ঠিকাদারীর বেলায় ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা হারে (প্রতি ১০০ মেঃটন) সূচী জারীর পূর্বে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/ ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে জমা দিতে হবে। |
| ১৩. | বাজেট ও আয়ের উৎস | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| ১৪. | দরপত্র দাতার অভিজ্ঞতা | খাদ্যশস্য/খাদ্য সামগ্রী পরিবহণ কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এরূপ অভিজ্ঞতার ক্ষেত্রে সড়ক ও নৌ পথে সাধারণ পরিবহণ কাজে ১(এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহণ কাজে ১(এক) বছরের অথবা খাদ্য বিভাগীয় সাধারণ পরিবহণ কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৫ | দরপত্র দলিল বিক্রয়/ প্রাপ্তির স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হবিগঞ্জ |
| ১৬ | দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ | ২২/০৮/২০১৯খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১৭. | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ২৫/০৮/২০১৯খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৮. | দরপত্র গ্রহণের স্থান | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হবিগঞ্জ অথবা জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এর রক্ষিত টেন্ডার বাক্স। |
| ১৯. | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ২৫/০৮/২০১৯খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকায় জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হবিগঞ্জ দরপত্রের যোগ্যতা বিষয়ক প্রস্তাব খোলা হবে। গ্রহণযোগ্য (Responsive) ঠিকাদারদের তালিকা এবং আর্থিক প্রস্তাব খোলার তারিখ ও সময় জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হবিগঞ্জ এর নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে। |
| ২০. | দরপত্রের মেয়াদ | দরপত্র খোলার তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিন। |
| ২১. | দরপত্রের ধরণ | দুইখাম পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র। |
| ২২. | দরপত্র গ্রহণকারী কর্মকর্তার নাম, পদবী এবং টেলিফোন নং | জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ। টেলিফোন নং ০৮৩১-৬২৩২২ |

এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এবং এতদ্বীয় সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্তা এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যেকোন বা সকল দরপত্র গ্রহণ/ প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুছ ছালাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ ও সভাপতি
জেলা দরপত্র মুল্যায়ন কমিটি (খাদ্য), হবিগঞ্জ
ফোনঃ ০৮৩১-৬২৩২২

আবেদনকারীকে সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট আকারের ২(দুই) কপি সত্যায়িত ছবি সহ প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক দরপত্র দলিল (যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম ও আর্থিক প্রস্তাব ফরম) যথাযথভাবে পূরণপূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করে জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ বরাবরে আবেদন করতে হবে।

**ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী**

১। নিজ নামে/প্রতিষ্ঠানের প্যাডে ঠিকাদারী কাজের জন্য আবেদন করতে হবে, আবেদনের সহিত ট্রেড লাইসেন্স (হালনাগাদ), নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) সহ হাল সন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র ও ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট সমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২। একক মালিকানার বেলায় ১ম শ্রেণীর নির্বাহী ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের নিকট হইতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে প্রদত্ত একক মালিকানা সংশ্লিষ্ট হলফনামা (এফিডেভিট) এর মূল কপি/সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৩। অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারীত্বের স্বপক্ষে রেজিষ্ট্রেশনকৃত দলিলের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৫। ঠিকাদারদের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলা এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা (সীলে নাম ও পদবী উল্লেখ থাকতে হবে) দ্বারা সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৭। অতীত দায় দেনার হলফনামার মূল কপি দাখিল করতে হবে (যদি থাকে)।

৮। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে, চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা, মোকদ্দমা দায়ের করবেন না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে এবং সংযুক্ত ছকে অপর আরেকটি অঙ্গীকার করতে হবে।

৯। অতীতে পরিবহন ঘাটতি/আত্নসাৎ ঘটনার সাথে জড়িত সালিশী মামলায় চূড়ান্তভাবে দোষী সাব্যস্থ হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবে না।

১০। সালিশী মামলা নিষ্পত্তির অপেক্ষায়/মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। তবে সালিশ/মামলায় দোষী সাব্যস্থ হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১১। সড়ক এবং নৌ পরিবহন এর ক্ষেত্রে আলাদা আলাদা দরপত্র সিডিউল ক্রয় করতে হবে এবং দরপত্র প্রস্তাব দাখিল করতে হবে।

১২। প্রতি সেট দরপত্র শিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর যেকোন শাখায় ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে ট্রেজারী চালানের মূলকপি অত্র কার্যালয়ের হিসাব শাখা হতে অবশ্যই পাস করিয়ে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র কার্যালয়ে জমা দিয়ে (শিডিউল ক্রয়ের রশিদ যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে) নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র শিডিউল ক্রয় করতে হবে।

১৩। বর্ণিত বিষয়ে কোন দরপত্র দাতা ভুল তথ্য প্রদান করলে তার দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাওয়ার পরও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে সংশ্লিষ্ট ঠিকাদারের নিয়োগ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। দরপত্র দাতা দরপত্র তফসিলে বর্ণিত তথ্যাবলী সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পুরণ পূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহর সহ দরখাস্ত করবেন। দরপত্র তফসিল, দরপত্র বিজ্ঞপ্তির সহিত সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্রের (ঠিকাদারের যোগ্যতাবিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী, দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) প্রতি পাতায় স্বাক্ষর সহ সীল প্রদান করতে হবে।

১৫। ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত হলে দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে বা ডাকযোগে প্রাপ্ত হতে হবে।

১৬। শর্তযুক্ত, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইড ব্যবহৃত বা অসম্পূর্ণ দরপত্র গৃহিত হবে না এবং প্রাইস শিডিউল/দর তফসিল যথাযথভাবে পুরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৭। দরপত্র খোলার সময় দরপত্র দাতাগণ উপস্থিত থাকতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত প্রতিপালন না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮। ঠিকাদার হিসেবে নিয়োগপ্রাপ্ত হলে বিধি মোতাবেক বিলের অনুকূলে আয়কর ও ভ্যাট প্রদান করতে হবে।

**দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী**

১৯। **ঠিকাদারের যোগ্যতাঃ**

(ক) অভ্যন্তরীণ সড়ক ও নৌ পরিবহন কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে সাধারণ পরিবহন কাজে ১ (এক) বছরের এবং খাদ্য বিভাগীয় পরিবহন কাজে ১(এক) বছরের অথবা খাদ্য বিভাগের পরিবহন কাজের মোট ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের আওতায় পরিবহন ঠিকাদারীর অভিজ্ঞতার সনদ, জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধীক্ষক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/উপ-পরিচালক (চপরেস), চলাচল ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা কর্তৃক জারীকৃত হতে হবে। অন্যান্য সরকারী/আধা সরকারী বা স্বায়ত্তশাসিত সংস্থা কিংবা অন্য কোন সংস্থার পরিবহণ ঠিকাদারীর অভিজ্ঞতার ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তা/আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র।

(খ) শিডিউল ব্যাংক হতে ০১ (এক) আর্থিক বছরের লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

(গ) দরপত্র দাতার নগদ সম্পদ, ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে নুন্যতম ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

(ঘ) অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারের বেলায় নিজস্ব মালিকানাধীন ০১(এক) টি ট্রাক থাকতে হবে, সেক্ষেত্রে মালিকানার স্বপক্ষে ব্লু-বুকের সত্যায়িত ফটোকপি অথবা ট্রাক মালিকের সাথে ০১(এক)টি ট্রাকের ০২ (দুই) বছরের ভাড়ার স্বপক্ষে চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। একাধিক দরপত্র দাতা একই নম্বরের ট্রাকের মালিকানা/ভাড়ার স্বপক্ষে চুক্তিনামা দাখিল করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

এবং

অভ্যন্তরীণ নৌ পরিবহন ঠিকাদারের বেলায় নিজস্ব মালিকানাধীন ১০০.০০০ মেটিক টন খাদ্য শস্য পরিবহন করা যায় এমন নৌযান থাকতে হবে অথবা ১০০.০০০ মেটিক টন খাদ্য শস্য পরিবহন করা যায় এমন নৌযান মালিকের সাথে ০২ (দুই) বছরের ভাড়ার স্বপক্ষে

চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। একাধিক দরপত্র দাতা একই নৌযানের মালিকানা/ভাড়ার স্বপক্ষে চুক্তিনামা দাখিল করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২০। **দরপত্র দাখিলের নিয়মাবলীঃ**

(ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ২টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে **''ঠিকাদারের যোগ্যতা প্রস্তাব''** ও আর্থিক প্রস্তাবের খামে অনুরূপভাবে **''আর্থিক প্রস্তাব''** লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ এবং বামদিকে দরদাতা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। ২টি খাম একত্র করে বড় ১টি খামে দরপত্র দাখিল করতে হবে এবং অনুরূপভাবে খামের ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ এবং বামদিকে দরদাতা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে।

(খ) যোগ্যতা বিষয়ক খামে ফরম পূরণ ও স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদী সংযুক্ত করতে হবে। যোগ্যতা প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

(গ) আর্থিক প্রস্তাব ফরমে বর্ণিত কার্য তফসিলের প্রতিটি রুটের দূরত্ব উল্লেখ করা হয়েছে। দরদাতাকে প্রতি রুটের একক দর অঙ্কে ও কথায় শুধুমাত্র নির্ধারিত কলামে/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, দশমিকের পরে দুই অঙ্কের বেশী ব্যবহার করা যাবে না।

(ঘ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা বিষয়ক ও আর্থিক প্রস্তাব ফরম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

২১। **টেন্ডার সিকিউরিটিঃ**

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসিলভুক্ত (শিডিউল) ব্যাংক হতে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। টেন্ডার সিকিউরিটি ছাড়া কোন দর গ্রহণ করা হবে না।

(খ) অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেওয়া হবে। কৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরত দেওয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

২২। **ঠিকাদার নির্বাচন ও পরিবহণ ভাড়া পরিশোধঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়ণ (Responsive) হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দর দরপত্র মূল্যায়ণ কমিটি কর্তৃক মূল্যায়ন করে ০৪(চার) জন অভ্যন্তরীণ সড়ক ঠিকাদার এবং ০২(দুই) জন নৌ পরিবহন ঠিকাদার নিয়োগের সুপারিশ Head of the Procuring Entity (HOPE) বরাবরে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে এবং Head of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। যে সকল দরদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়ণ কমিটি কর্তৃক বিবেচিত হবে না তাদের আর্থিক প্রস্তাবের খাম না খুলে ফেরত প্রদান করা হবে।

(খ) গ্রহণযোগ্য/যুক্তিযুক্ত সর্বনিম্ন দরদাতাকে ঠিকাদার হিসেবে নির্বাচন করা হবে। তবে সংগ্রাহক সত্ত্বা প্রয়োজন বোধে অন্যান্য দরদাতাগণের মধ্য হতে দরের নিম্ন থেকে উর্দ্ধক্রম অনুযায়ী সর্বনিম্ন দরে কাজ করতে আগ্রহী সাপেক্ষে একাধিক সংখ্যক ঠিকাদার নিয়োগ করতে পারবেন এবং ঠিকাদারগণকে সর্বনিম্ন দর মোতাবেক ভাড়া পরিশোধ করা হবে।

২৩। **পারফরমেন্স সিকিউরিটিঃ**

Letter of intent দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান করতে হবে এবং অভ্যন্তরীণ সড়ক পরিবহন ঠিকাদারের বেলায় পারফরমেন্স সিকিউরিটি (জামানত) বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং অভ্যন্তরীণ নৌ পরিবহন ঠিকাদারের বেলায় পারফরমেন্স সিকিউরিটি (জামানত) বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও যথাযথ কাগজপত্র জমা দিয়ে ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরদাতার টেন্ডার সিকিউরিটি সরকারী খাতে বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪। **চুক্তি সম্পাদনঃ**

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব বিবেচিত হলে আর্থিক প্রস্তাব খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতার দরে যাবতীয় আনুষ্ঠানিকতা শেষে ০৪(চার) জন অভ্যন্তরীণ সড়ক ঠিকাদার ও ০২(দুই) জন নৌ পরিবহন ঠিকাদার ঠিকাদার নিয়োগ করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন/সাব্যস্থ দরদাতার দর বৈধ বিবেচিত ও অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং দরপত্রের সকল শর্তাদি পুরণ শেষে ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৫। **পণ্যের নিরাপত্তা জামানাতঃ**

(ক) পণ্যের নিরাপত্তা জামানত প্রাপ্তির পর সূচী প্রদান করা হবে।

(খ) কৃতকার্য দরপত্র দাতাগণের সাথে চুক্তিপত্র সম্পাদনের পর ঠিকাদারগণকে সময়ে সময়ে সূচীর পরিমাণ জানানো হবে। প্রতি ১০০ (একশত) মেঃ টন পণ্যের সূচীর জন্য নিরাপত্তা জামানত (Security of Goods) বাবদ সড়ক পরিবহনের ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং নৌ পরিবহনের ক্ষেত্রে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থাৎ ১০০ মেঃ টন পরিবহণ সূচীর জন্য পারফরমেন্স সিকিউরিটির অর্থসহ পণ্যের নিরাপত্তা জামানত বাবদ সড়ক পরিবহনের ক্ষেত্রে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা এবং নৌ পরিবহনের ক্ষেত্রে ১,৫০,০০০/- টাকা জমা প্রদান করতে হবে। এক্ষেত্রে পণ্যের নিরাপত্তা জামানত হিসেবে পারফরমেন্স সিকিউরটির অবশিষ্ট অর্থ (প্রযোজ্য ক্ষেত্রে) নোটিশ প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে যেকোন শিডিউল ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ বরাবরে দাখিল করতে হবে। সূচীর পরিমাণ কম/বেশী হলে উপর্যুক্ত অনুপাতে সিকিউরিটি প্রদান করতে হবে।

(গ) সূচীকৃত মালামাল সন্তোষজনক ভাবে পরিবহণ শেষে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমাকৃত নিরাপত্তা জামানত আবেদনের প্রেক্ষিতে ফেরত নেয়া যাবে/পরবর্তী সূচীর সাথে সমন্বয় করা যাবে।

২৬। **পরিবাহিত পণ্যের ঘাটতিঃ**

(ক) ১০০% ওজনে বোঝাইকৃত মালামাল ১০০% ওজনে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিতে হবে। পরিবাহিত মালামালের নীট ওজনের উপরে সর্বোচ্চ ০.১২৫% হারে সীমিত পরিবহণ ঘাটতি প্রাপ্য হবেন।

(খ) যেকোন সাহায্য সংস্থার নির্ধারিত ওজনের ক্ষেত্রে শূন্য পরিবহণ ঘাটতি প্রযোজ্য হবে।

(গ) নির্ধারিত পরিবহণ ঘাটতির অতিরিক্ত যেকোন ঘাটতি/মালামাল বিনষ্ট/খোয়া গেলে ঠিকাদারকে দ্বিগুণ হারে ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

২৭। **চুক্তি সম্পাদনঃ**

(ক) বিস্তারিত রুট বিবরণী, তফসিল রুটের দুরত্ব দরপত্র তফসিলের সাথে সংযুক্ত করে দেয়া হলো। সংগ্রাহক সত্তা কর্তৃক নির্ধারিত/প্রণীত চুক্তির মডেল অনুযায়ী নিয়োগপ্রাপ্ত দরদাতা চুক্তি সম্পাদন করতে বাধ্য থাকবেন।

(খ) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্য দ্রব্য অথবা যেকোন পণ্য পরিবহণ সংক্রান্ত বা এতদসংক্রান্ত যেকোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/স্মারক/পরিপত্রসহ দরপত্র তফসিল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৮। **দুরত্ব নির্ধারণঃ**

(ক) রুট তফসিলে বর্ণিত নির্ধারিত দূরত্বই বিল প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে কোন রুটের দূরত্বে গরমিল/তারতম্য দেখা দিলে সেক্ষেত্রে সড়ক ও জনপথ বিভাগ/বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের/সংশ্লিষ্ট বিভাগের দূরত্ব সনদ অনুযায়ী প্রকৃত দূরত্ব নির্ধারিত হবে।

(খ) অনির্ধারিত রুটে দরপত্র সিডিউলে নিকটবর্তী রুটের প্রদত্ত দরের আনুপাতিক হারে বিল প্রদান করা হবে।

২৯। **ঠিকাদারের জন্য বাধ্যবাধকতাঃ**

(ক) দরপত্র বিজ্ঞপ্তি, যোগ্যতা বিষয়ক কারিগরী প্রস্তাবের শর্তাবলী, দরপত্রের নিয়ামবলী, দরপত্র তফসিল, সড়ক/রুট, চুক্তির আওতায় পরিবহন সূচীর পরিমাণ ও সময়কাল এবং এ সংক্রান্ত Loading Unloading Advice (LUA) Invoice/দলিলপত্র ইত্যাদি এ চুক্তির আওতাভূক্ত বলে বিবেচিত হবে।

(খ) দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত অঙ্গীকার নামায় বর্ণিত অঙ্গীকার সমূহের জন্য যে অঙ্গীকারনামা প্রদান করা আছে সে মোতাবেক দরদাতাকে তার নিজস্ব প্রতিষ্ঠানের লেটার প্যাডে একখানা অঙ্গীকারনামা প্রদান করতে হবে। দরদাতা কর্তৃক উক্ত অঙ্গীকার ভবিষ্যতে মিথ্যা বা অসত্য প্রতীয়মান বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেয়া হবে বা ঠিকাদারী কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনির্দিষ্টকাল বা নির্দিষ্ট কোন মেয়াদ পর্যন্ত অযোগ্য ঘোষণা করা হবে।

(গ) পরিবহন সংক্রান্ত সকল তথ্যাদি নথিভূক্ত রাখতে হবে যাতে ১ম পক্ষ চাহিবামাত্র ২য় পক্ষ প্রদর্শন/দাখিল করতে পারে।

৩০। **গোপনীয় প্রতিবেদনঃ**

নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশী বা খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশী ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতীত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

৩১। **ক্ষমতা সংরক্ষণঃ**

কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩২। **অভিযোগ ও আপীলঃ**

দরপত্র সর্ম্পকিত অভিযোগ ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুছ ছালাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), হবিগঞ্জ
ফোনঃ ০৮৩১-৬২৩২২

স্মারক নং- ১৩.০১.৩৬০০.০০৩.৪৯.০০১.১৮. ২২০০(১২৫) তারিখঃ ২৯/০৭/২০১৯খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, . . . . . . . . . . . . . . . . . বিভাগ (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/চট্টগ্রাম/ঢাকা/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল। বহুল প্রচারের জন্য।
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিপপ্তর, ঢাকা। **বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য খাদ্য অধিদপ্তরের ওয়েটসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৬. পুলিশ সুপার, হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
৭. সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/খুলনা সাইলো। বহুল প্রচারের জন্য।
৮. অতিরিক্ত পরিচালক, এম.আই.এস এন্ড এম বিভাগ/ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বহুল প্রচারের জন্য।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। বহুল প্রচারের জন্য।
১০. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১২. চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ খুলনা। বহুল প্রচারের জন্য।
১৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, . . . . . . . . . . . . . . . . . . . . (সকল)। বহুল প্রচারের জন্য।
১৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১৫. ম্যানেজার . . . . . . . . . . . . . . . . . . . . সিএসডি (সকল)। বহুল প্রচারের জন্য।
১৬. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, . . . . . . . . . . . . . . . . . (সকল), হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, . . . . . . . . . . . . . . . . . . . . এলএসডি (সকল), হবিগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১৮. প্রশাসন/ হিসাব/ মজুদ/ নিরীক্ষা/ নেজারত শাখা, অত্র দপ্তর।
১৯. মেসার্স ............................................................, অভ্যন্তরীণ সড়ক/নৌ পরিবহন ঠিকাদার, হবিগঞ্জ
২০. মেসার্স ......................................................, শ্রম ও হস্তার্পন ঠিকাদার, ............................ এলএসডি, হবিগঞ্জ।
২১. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২২. অফিস কপি।

(মোঃ আবদুছ ছালাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ
ফোনঃ ০৮৩১-৬২৩২২